



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং- ৩৭.১৬.০০০০.০০৬.৪২.০০১.২০৮৯

তারিখ: ০১/০২/২০২১ খ্রিঃ

নাম ও বয়স সংশোধনের অনলাইনে রিভিউ আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের অধীন অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ যেসব শিক্ষার্থী তাদের নিজের, পিতার, মাতার নাম এবং জন্মতারিখ/বয়স সংশোধনের জন্য অনলাইনে আবেদন করেছেন এবং অত্র বোর্ডের বয়স ও নাম সংশোধন কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী যাদের সংশোধনের আবেদন না মঞ্জুর (NO) হয় তারা ইচ্ছা করলে সংশোধনের বিষয় পুনর্বিবেচনার (রিভিউ) জন্য নিম্নোক্ত নিয়মে অনলাইনে আবেদন করতে পারবেন।

১. পূর্বের আইডি ব্যবহার করে রিভিউ-এর আবেদন করতে হবে। আবেদন করার জন্য Website এর 'Name & Age Last Update' বাটনে ক্লিক করে পূর্বের আইডি ও পাসওয়ার্ড দিয়ে Login করে প্রয়োজনীয় কাগজপত্র Upload করতে হবে এবং টিটি স্লিপ বের করে ব্যাংকে টাকা জমা দিতে হবে।
২. পরীক্ষার্থীর নিজের, পিতার, মাতার নাম রিভিউ আবেদনের ক্ষেত্রে প্রত্যেকের জন্য সোনালী সেবার মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকার ফি পরিশোধ করতে হবে।
৩. বয়স/জন্মতারিখ রিভিউ আবেদনের ক্ষেত্রে প্রত্যেকের জন্য সোনালী সেবার মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকার ফি পরিশোধ করতে হবে।
৪. রিভিউ আবেদনের সাথে প্রয়োজনীয় ডকুমেন্ট আপলোড করতে হবে।
৫. সাক্ষাৎকারের দিন আবেদনসহ প্রয়োজনীয় মূল ডকুমেন্টসমূহ বোর্ডে জমা দিতে হবে।
৬. রিভিউ আবেদন একবার না মঞ্জুর (NO) হলে দ্বিতীয়বার রিভিউ আবেদন করা যাবে না।

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৮৬২৬১৩৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। অফিস কপি।